



নির্বাহী আদেশ 202.17 এবং 202.18 এর অন্তর্ভুক্ত নির্দেশনা  
COVID-19 প্রাদুর্ভাবের সময় প্রকাশ্যে মুখ ঢেকে রাখা প্রয়োজন  
17 এপ্রিল 2020

**পটভূমি:**

2019 সালের ডিসেম্বরে, শ্বাস-প্রশ্বাস সংক্রান্ত এক নতুন ধরনের রোগ, নোভেল করোনাভাইরাস (COVID-19) শনাক্ত হয়েছে। COVID-19 এর কারণ এক ধরনের ভাইরাস (SARS-CoV-2) যা করোনাভাইরাস নামের বৃহত্তর ভাইরাস গোত্রের অংশ। সম্প্রতি, নিউ ইয়র্কসহ মার্কিন যুক্তরাষ্ট্রে কমিউনিটি ব্যাপী COVID-19 এর সংক্রমণ ঘটেছে, যেখানে নিশ্চিত এবং তদন্তাধীন কেসগুলির উভয় সংখ্যাই দ্রুত বৃদ্ধি পাচ্ছে। COVID-19 এর কমিউনিটি-ওয়াইড ট্রান্সমিশন কমাতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো [এক্সিকিউটিভ অর্ডার](#) 202-এর মাধ্যমে আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করেছেন, যেমন, এই সংক্রামক রোগের প্রসার মোকাবিলায় সংশোধিত পদক্ষেপ হলো, সাধারণ জনসমাগম আধিক্য এলাকাতে অপ্রয়োজনীয় ব্যবসার ইন-পার্সন অপারেশন বন্ধ করার মাধ্যমে মানুষের ঘনত্ব হ্রাস করা এবং যেকোনো কারণে যেকোনো আকারের ব্যক্তির অপ্রয়োজনীয় সমাবেশ নিষেধ করা।

**নির্বাহী আদেশ:**

[নির্বাহী আদেশ 202.17](#), যা 15 এপ্রিল, 2020 এ জারি করা হয়, সেখানে নিম্নলিখিত নির্দেশনাটি প্রদান করে:

শুক্রবার 17ই এপ্রিল, 2020 তারিখ, রাত 8টা থেকে দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখ-ঢাকতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক দিয়ে ঢাকতে হবে বা মুখ-ঢাকা পোশাক পরিধান করতে হবে।

[নির্বাহী আদেশ 202.18](#), যা 16 এপ্রিল, 2020 জারি করা হয়, যেখানে নিম্নলিখিত নির্দেশনাটি প্রদান করে:

যেকোনো ব্যক্তি সরকারি বা বেসরকারি পরিবহন বাহক বা অন্যান্য ভাড়া করা যানবাহন ব্যবহার করে, যাদের বয়স দুই বছরের এবং চিকিৎসাগতভাবে মুখ-ঢাকতে সক্ষম, এই ধরনের ভ্রমণের সময় তারা নাকের ও মুখের উপর একটি মাস্ক বা মুখের আবরণ ব্যবহার করবেন; যেকোনো ব্যক্তি এই ধরনের সরকারি বা বেসরকারি পরিবহন পরিচালনা করছেন, একইভাবে মুখ ঢেকে বা মাস্ক পরবেন যা নাক ও মুখ জুড়ে থাকে যখন এই ধরনের গাড়িতে কোনও যাত্রী থাকবেন। এই নির্দেশনাটি [নির্বাহী আদেশ 202.17](#), 17 এপ্রিল 2020, শুক্রবার রাত 8 টায় একই পদ্ধতিতে কার্যকর হবে।

## নির্দেশনা:

ব্যক্তি যখন তারা একটি সর্বজনীন স্থানে বা অবস্থায় থাকবে, তখন যা তার আছে বা অন্যথায় যে কোন ভাবে সংগ্রহ করেছেন তা তাদের মুখ আবরণ ফ্যাশনের অংশ হিসেবে পরিধান করতে হবে এবং:

- অন্যান্য ব্যক্তির থেকে ছয় ফুট দূরত্বে থাকবেন; বা
- কোন পরিস্থিতিতে বা সেটিং-এ যেখানে তারা অন্যান্য ব্যক্তির থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে অক্ষম; বা
- সরকারি বা বেসরকারি পরিবহনে বা ভাড়া করা গাড়িতে যখন থাকবেন।

মুখ ঢেকে রাখা মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এতটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N-95 রেসপাইরেটর এবং ফেস সিল্ড। দয়া করে রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধের "করোভাইরাস রোগ 2019 (COVID-19)" এর সেন্টারের [ওয়েবসাইটে](#) ভিজিট করুন, যেখানে মুখের কাপড়ের কভার এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এবং সেইসাথে তাদের ব্যবহার, পরিষ্কার এবং নিষ্পত্তি নির্দেশাবলী সংক্রান্ত [তথ্য](#) পাবেন। দয়া করে মনে রাখবেন যে সবচেয়ে প্রতিরক্ষামূলক PPE (উদা: N-95 রেসপাইরেটরস) স্বাস্থ্য পরিষেবা কর্মীদের জন্য এবং জরুরী নিরাপত্তা কর্মীদের জন্য অতীব প্রয়োজন এবং তাই ওই সেটিংসের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে তাদেরকে এগুলো সরবরাহ করা উচিত।

উপরে উল্লেখিত পরিস্থিতিতে এবং সেটিংসে ব্যক্তির একটি মুখ আবরণ ব্যবহার করা প্রয়োজন, যদি তারা দুই (২) বছর বয়সের চেয়ে বড় হয় এবং চিকিৎসাগতভাবে মুখ-ঢাকা সহ্য করতে সক্ষম হয়। যদি একটি মুখ আবরণ প্রতিবন্ধকতার সৃষ্টি করে বা অন্যথায় একজন ব্যক্তির স্বাস্থ্যের ক্ষতি করে বা যদি ব্যক্তি দুই (২) বছর বয়সের চেয়ে বড় না হয়, তাহলে তার এমন আবরণ ব্যবহার করার প্রয়োজন নাই। উপরন্তু, প্রয়োজনীয় ব্যবসা পরিচালকগণ এবং আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ চিকিৎসাগত বা অন্যান্য স্বাস্থ্য অবস্থার কারণে একটি মুখ কভার পরিধান করতে অস্বীকার করে এমন কোন ব্যক্তির কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত বা অন্যান্য ডকুমেন্টেশন জন্য অনুরোধ করতে বা প্রয়োজনীয় নিষেধাজ্ঞা জারি করতে তাদের নিষেধ করা হলো।

নির্বাহী আদেশ 202.17 বা 202.18 কিছু প্রয়োজনীয় ব্যবসার বাধ্যবাধকতা অপসারণ করবে না, সেইসাথে রাষ্ট্র ও স্থানীয় সরকার এজেন্সি এবং কর্তৃপক্ষ, মুখ আবরণ জোগাড় করবেন বা অন্যথায় যেকোনো উপায়ে প্রাপ্ত হবেন এবং ব্যবহার করবেন, এবং কর্মচারীদের জন্য যাদের জনসাধারণের সাথে সরাসরি যোগাযোগ করার প্রয়োজন তাদের জন্য কাজ করার সময় বিনাখরচে মুখ আবরণ সরবরাহ করবেন, [নির্বাহী আদেশ 202.16](#) অনুযায়ী।

যাত্রী পরিবহনের সময় মুখ ঢেকে রাখার জন্য প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি পরিবহন অপারেটরদের উচিত নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health)-এর "[নির্বাহী আদেশ 202.16](#) এর [অন্তর্ভুক্ত](#) নির্দেশনার পরামর্শ অনুসরণ করতে হবে যেখানে COVID-19 প্রাদুর্ভাবের সময়

জনসাধারণের সঙ্গে আলাপচারিতার সময় সরকারি ও বেসরকারি কর্মচারীদের কীভাবে মুখ আবরণ ব্যবহার করতে হবে তা দেওয়া আছে", আরও তথ্যের জন্য যা 14 এপ্রিল, 2020-এ জারি করা হয়েছে।

**অতিরিক্ত তথ্য:**

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট

<https://coronavirus.health.ny.gov/>

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট

<https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html>